

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধান উপদেষ্টার কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা।

স্মারক নং- ০৩.০৭.২৬৬৬.৬৬৪.৬৯.২৪৯.২৩- ৩২৬

তারিখঃ ০২/০২/২০২৬ খ্রিঃ।


বিষয় : বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা 'রোদেম ফাউন্ডেশন' এর অনুকূলে দাতা সংস্থা "Salom Disability Ministries, USA" কর্তৃক অনুদান হিসাবে স্থানীয় দরিদ্র প্রতিবন্ধী জনগণের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য ২৭৭ টি হইল চেয়ার (তালিকা সংযুক্ত) এর উপর আরোপিতব্য শুল্ক ও ভ্যাট মওকুফ।

সূত্র : সংস্থার পত্র নং- ০৪/০১/২০২৬ খ্রিঃ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা 'রোদেম ফাউন্ডেশন' এর অনুকূলে "Salom Disability Ministries, USA" কর্তৃক ২৭৭ টি হইল চেয়ার এবং ব্যবহার্য স্বাস্থ্য সামগ্রী (তালিকা সংযুক্ত) প্রেরিত হয়েছে। উক্ত সামগ্রীসমূহের উপর আরোপিতব্য সমুদয় শুল্ক/ভ্যাট মওকুফসহ আমদানি পারমিট জারির অনুমতি প্রদানের সুপারিশের জন্য সংস্থা কর্তৃক ব্যুরোতে আবেদন করা হয়েছে। উল্লেখ্য, ২৭৭ টি হইল চেয়ার (তালিকা সংযুক্ত) দরিদ্র প্রতিবন্ধী জনগণের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হবে।

০২। বর্ণিতাবস্থায় "রোদেম ফাউন্ডেশন" এর অনুকূলে "Salom Disability Ministries, USA" কর্তৃক প্রেরিত ২৭৭ টি হইল চেয়ার (তালিকা সংযুক্ত) এর উপর আরোপিতব্য সমুদয় শুল্ক ও ভ্যাট প্রচলিত বিধি মোতাবেক মওকুফসহ আমদানি পারমিট জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এতদসঙ্গে সংস্থার অঙ্গীকারনামা সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ প্রত্যয়ন পত্রের কপি।


(ব্যারিস্টার মোঃ খালিলুর রহমান খান)
এনডিসি
পরিচালক (যুগ্মসচিব)
ফোনঃ ৫৫০০৭৪০৪।

কমিশনার অব কাস্টমস
চট্টগ্রাম কাস্টম হাউজ
চট্টগ্রাম।

স্মারক নং- ০৩.০৭.২৬৬৬.৬৬৪.৬৯.২৪৯.২৩-

তারিখঃ ০২/০২/২০২৬ খ্রিঃ।

সদয় অবগতি / প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ০২। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ০৫। ন্যাশনাল ডিরেক্টর, রোদেম ফাউন্ডেশন, বাড়ী নং-৩১৮, রোড নং-০৪, ডিওএইচএস বারিধারা, ঢাকা -১২০৬।
- ০৬। অফিস কপি/মাস্টার কপি।

(ব্যারিস্টার মোঃ খালিলুর রহমান খান)
এনডিসি
পরিচালক (যুগ্মসচিব)

প্রত্যয়নপত্র

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ৩ রা চৈত্র, ১৩৯৮ বাংলা, ১৭ মার্চ, ১৯৯২ ইং তারিখের প্রজ্ঞাপন মোতাবেক
এস আর ও নং-৬১-আই/৯২/১৪৪৪৩/শুদ্ধ
এর আওতায় প্রত্যয়নপত্র জারী প্রসংগে।

'রোদেম ফাউন্ডেশন' সংস্থা এর অঙ্গীকারনামার প্রেক্ষিতে প্রত্যয়ন করা যাচ্ছে যে, এনজিও বিষয়ক ব্যুরোর সাথে 'দি ফরেন ডোনেশন্স (ভলান্টারী এ্যাক্টিভিটিস) রেগুলেশন অর্ডিন্যান্স-১৯৭৮ এর আওতায় নিবন্ধিত বেসরকারী সেচ্ছাসেবী সংস্থা 'রোদেম ফাউন্ডেশন' এর অনুকূলে দাতা সংস্থা 'Salom Disability Ministries, USA' কর্তৃক অনুদান হিসাবে প্রেরিত ২৭৭ টি হইল চেয়ার (তালিকা সংযুক্ত) কোনোক্রমে বাণিজ্যিক ভিত্তিতে ব্যবহৃত হবে না।

এনজিও'র নাম ও ঠিকানা : রোদেম ফাউন্ডেশন
বাড়ী নং-৩১৮, রোড নং-০৪
ডিওএইচএস বারিধারা, ঢাকা -১২০৬।

এফডি নিবন্ধন নম্বর ও তারিখ : নিবন্ধন নম্বর-২৮২২, তারিখ- ০৯/১০/২০১৩ খ্রিঃ।

অনুমোদিত প্রকল্পের নাম : Basic Development Program.

অনুমোদনের তারিখ : ১১/০২/২০২৫ খ্রিঃ।

পণ্যের বিবরণ ও পরিমাণ : ২৭৭ টি হইল চেয়ার (তালিকা সংযুক্ত) যার অনুমানিক ওজন ৫৫৪৭ কেজি।

ইনভয়েন্স নম্বর ও তারিখ : WOLP-052, Dated: 09 December, 2025.

০২। ইহাতে মহাপরিচালক মহোদয়ের সম্মতি রয়েছে।


(ব্যারিস্টার মোঃ খলিলুর রহমান খান)
এনডিসি
পরিচালক (যুগ্মসচিব)
ফোনঃ ৫৫০০৭৪০৪।

ব্যারিস্টার মোঃ খলিলুর রহমান খান এনডিসি
পরিচালক (যুগ্মসচিব)
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধান উপদেষ্টার কার্যালয়